



## প্রেস-রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে ঐতিহাসিক ৭ মার্চ উদযাপিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৭ মার্চ ২০২৩খ্রিঃ।

ঐতিহাসিক ৭ মার্চ বাঙালি ইতিহাসের এক অবিস্মরণীয় দিন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক এ ভাষণ ছিলো বাঙালীর স্বাধীনতা সংগ্রামের ভিত্তিমূল। দিবসটি উপলক্ষে এদিন সকাল ১১ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এবং ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভাগীয় প্রধান, লাইব্রেরিয়ান, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, প্রক্টর, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এরপর পুষ্পস্তবক অর্পণে অংশ নেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ এবং ববিতে কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন উত্তরাধিকার। এদিকে ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে ১১.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এক বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন আয়োজিত এই আলোচনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় বলেন, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ তরুণ প্রজন্মকে দেশপ্রেমের জাগরণে উদ্বুদ্ধ করে আগামীর উন্নত বাংলাদেশ প্রতিষ্ঠায় সহায়তা করবে। কারণ ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ তরুণ প্রজন্মের জন্য দেশপ্রেম জন্মিত করার প্রেরণা। এ ভাষণ ছিলো বাঙালীর বিভিন্ন ঐতিহাসিক আন্দোলন সংগ্রামের ভিত্তিমূল। এসময় উপাচার্য মহোদয় বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের গুরুত্বকে আগামী প্রজন্মের কাছে তুলে ধরতে সকলের প্রতি উদাত্ত আহবান জানান। সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন, পরিকল্পনা ও উন্নয়ন শাখার উপ-পরিচালক হুমায়ুন কবীর, অর্থ ও হিসাব শাখার উপ-পরিচালক সুরত কুমার বাহাদুর, অফিসার্স এসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক সৈয়দা ফাতেমা মমতাজ মলি, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম সেরনিয়াবাত, কার্যনির্বাহী সদস্য তৌছিক আহমেদ রাহাত, সহ-সাধারণ সম্পাদক নাদিম মল্লিক, গ্রেড ১১-১৬ কল্যান পরিষদের সভাপতি শাহাজাদা খান ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের সভাপতি আরিফ সিকদার। এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ডাঃ তানজীন হোসেনের সঞ্চালনায় সভায় শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ এসোসিয়েশনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। এছাড়াও দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দিনব্যাপি বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচার করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস